সংবাদ

তারিখ: 07 MAY 2016
পৃষ্ঠা: 2 কলাম: 8

### রংপুরে মহিলা কওমি মাদ্রাসায়

# খাদ্যে বিষক্রিয়ায় ৬০ শিশু অসুস্থ ১৭ জনকে আশঙ্কাজনক অবস্থায় রংপুর মেডিকেলে ভর্তি

লিয়াকত আলী বাদল, রংপুর থেকে

রংপুর নগরীর মাহিগঞ্জ তাজহাট এলাকায় ফাতেমা কওমি মহিলা মাদ্রাসায় খাদ্যে বিষক্রিয়ায় ৬০ শিশু গুরুতর অসুস্থ হয়ে পড়েছে। এদের মধ্যে ১৭ শিশুকে আশঙ্কাজনক অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আক্রান্ত শিশু ও মাদ্রাসা সূত্রে জানা গেছে, ফাতেমা মহিলা মাদ্রাসায় ১০ থেকে ১৫ বছরের মেয়ে শিশু কিশোরীরা সেখানেই অবস্থান করে লেখাপড়া করে। পবিত্র শবে মেরাজ উপলক্ষে মাদ্রাসার সব শিশুদের বাধ্যতামূলকভাবে ৩ দিন রোজা রাখতে বাধ্য করে মাদ্রাসার হুজুররা। বুধবার থেকে আজ শুক্রবার পর্যন্ত তারা সবাই রোজা রেখেছিল। আজ ইফতারির পর তাদের খাসির মাথার মাংস দিয়ে ভাত খেতে দেয়া হয়। এরপর আকস্মিকভাবে শিশুদের পেট ব্যথা শুরু হয়। তারা বমি আর পাতলা পায়খানা করা শুরু করে। এতে প্রায় ৬০ শিশু অসুস্থ হয়ে পড়ে। এদের মধ্যে ১৭ জনকে গুরুতর অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে চিকিৎসকরা জানান। খবর পেয়ে রংপুরের অতিরিক্ত জেলা প্রশাসক সাধারণ শহিদুল ইসলাম হাসপাতালে পরিচালকসহ অন্য কর্মকর্তারা যান। তারা আক্রান্ত শিশুদের খোঁজ-খবর নেন। এ ব্যাপারে একজন চিকিৎসক জানান, ছোট ছোট শিশুদের পরপর ৩ দিন রোজা রাখায় তারা এমনিতেই অসুস্থ হয়ে পড়ে। তার ওপর আজ তাদের খাসির মাথার মাংস দিয়ে ভাত দেয়া হলে সেই মাংস খেয়ে শিশুরা বিষক্রিয়ায় আক্রান্ত হয়ে পড়ে। ঘটনার পর মাদ্রাসার পরিচালকসহ কাউকেই পাওয়া যায়নি।